



রেজিস্ট্রারের কার্যালয় বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৮৭৭-৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: <https://bu.ac.bd>, e-mail: registrar@bu.ac.bd



একই স্মারক ও তারিখে স্থালাভিষিক্ত

স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/ভলি-২/১৪০/২০২০/২৪০২

তারিখ: ০৪ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০, বিশ্ববিদ্যালয় দিবস (২২ ফেব্রুয়ারি ২০২০) এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম উদ্বোধন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

২১ ফেব্রুয়ারি ২০২০

- ১। সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা ও কালো পতাকা উত্তোলন।
- ২। সকাল ৯:০০ টায়- উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ক্যাম্পাস ও ক্যাম্পাস সংলগ্ন সড়কে শোক র্যালি। র্যালিতে কেবল একটি মাত্র কেন্দ্রীয় ব্যানার থাকবে।
- ৩। সকাল ৯:৩০ টায়- বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ।
- ৪। সকাল ১০:৩০ টায়- কীর্তনখোলা হলে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত আলোচনা সভা।

২২ ফেব্রুয়ারি ২০২০

- ১। সকাল ১০:৩০ টায়- জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন। এরপর বেলায় উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন।
 - ২। সকাল ১০:৩৫ টায়- বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন।
 - ৩। সকাল ১০:৪০ টায়- বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে নিয়ে ক্যাম্পাস ও ক্যাম্পাসের সম্মুখে মহাসড়কে আনন্দ র্যালি ও বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের মধ্যে মিষ্টি বিতরণ। আনন্দ র্যালিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যানারের সাথে সকল বিভাগ ও হলের ব্যানার, ফেস্টুন থাকবে।
 - ৪। বেলা ১১:০০ টায়- ২০১৯-২০ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের বরণ ও আলোচনা সভা।
 - ৫। দুপুর ১:৩০ টায়- বিভাগসমূহের নিজস্ব অর্থায়নে নবীন শিক্ষার্থীদের লাঞ্চ।
 - ৬। বিকাল ৩:০০ টায়- মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান।
- উল্লিখিত কর্মসূচিতে সকলকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। তবে উল্লেখ্য যে, ২১/০২/২০২০ তারিখ কাজ নেই মজুরি নেই ভিত্তিক কর্মচারীদের কর্মস্থলে উপস্থিত হতে হবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-



(প্রফেসর ড. মো. মুহসিন উদ্দীন)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

বরিশাল বিশ্ববিদ্যালয়

অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৪। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৫। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। এসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৭। পিএ কাম কম্পিউটার অপারেটর, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। নোটিস বোর্ডসমূহ
- ৯। নথি/ মহানথি।